**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 14-06-2025** **Desk in Charge: SDG**
**Time : 7.50 PM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ -

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ মহেশতলায় গত ১১ই জুন-এর হিংসার ঘটনার পরিপ্রেক্ষিতে NIA তদন্তের দাবি জানিয়েছে বিজেপি ।

২/ রাজ্য সরকারের আগাম অনুমতি ছাড়া কোনো দপ্তর ইচ্ছেমত সমঝোতা পত্র স্বাক্ষর করতে পারবেনা।

৩/ গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ন্ত্রণে রাজ্য সরকার, বিহার ও ঝাড়খন্ডকে নিয়ে একটি প্রকল্প তৈরীর পরিকল্পনা নিয়েছে।

৪/ বার্ষিক সমাবেশে ব্যস্ত থাকায় তৃণমূল কংগ্রেস সাংসদরা, ২১শে জুলাই সংসদের বাদল অধিবেশনের প্রথম দিনে অধিবেশনে যোগ দেবেন না।

৫/ সামুদ্রিক মাছ শিকারে নিষেধাজ্ঞা আজ মধ্যরাত থেকে উঠে যাচ্ছে।

৬/ বিশ্ব রক্তদাতা দিবসে আজ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে।

৭/ ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিনে বৃষ্টির পরিমাণ বাড়বে।

*********************************************************************

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলায় গত ১১ই জুন ব্যপক ভাঙচুর, পুলিশের উপর হামলা ও লুটপাটের ঘটনায় বিজেপি NIA তদন্তের দাবি জানিয়েছে।

আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, ১১ তারিখের হিংসার পর রাজ্য সরকারের তরফে নিরাপত্তা না মেলায় মানুষ আতঙ্কে রয়েছেন। সুপরিকল্পিত এই হামলায় এখনো পর্যন্ত ২৬ জন ক্ষতিগ্রস্ত হয়েছেন।

( বাইট- শুভেন্দু )

মহেশতলা যেতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আগামী সোমবার এই আবেদনের জরুরি শুনানির অনুমতি দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য।

এদিকে মহেশতলায় সাম্প্রতিক হিংসার ঘটনার পর সেখানে বলবৎ ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারার মেয়াদ আরও তিনদিন বাড়ানো হয়েছে। এলাকায় চলছে পুলিশী টহল। বুধবার গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত মহেশতলা ও পার্শ্ববর্তী এলাকায় পরিস্থিতি এখনও থমথমে।

উত্তেজনার আবহে, রবীন্দ্রনগর থানার আই সি এবং মহেশতলার SDPO-কে বদল করা হয়েছে। আই সি মুকুল মিঁঞাকে পাঠানো হয়েছে দার্জিলিঙে। তাঁর জায়গায় দায়িত্ব নিচ্ছেন, মালদার রতুয়ার সার্কেল ইন্সপেক্টর সুজনকুমার রায়।

মহেশতলার নতুন SDPO হচ্ছেন সৈয়দ রেজাউল কবীর। ওই পদে থাকা কামরুজ্জামান মোল্লাকে বদলি করা হয়েছে ‘স্টেট আর্মড পুলিশ’-এর তৃতীয় ব্যাটেলিয়ানের সহকারী কমান্ডান্ট পদে।

**************************

রাজ্য সরকারের আগাম অনুমতি ছাড়া কোনও দফতর আর ইচ্ছেমতো কোনও সংস্থার সঙ্গে সমঝোতা পত্র স্বাক্ষর করতে পারবে না। এই মর্মে রাজ্যের সমস্ত দপ্তর ও জেলা অধিকরণ গুলিকে সতর্ক করে দেওয়া হয়েছে। সরকারকে অন্ধকারে রেখে চুক্তি

স্বাক্ষর করায় সম্প্রতি পরিবহণ দফতরের একাধিক চুক্তি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষোভ প্রকাশ করেন। তারপরই মুখ্যসচিবের দফতর থেকে রাজ্যের সমস্ত দফতরকে এই মর্মে বার্তা পাঠানো হয়েছে। কোনও সংস্থার সঙ্গে চুক্তি করতে চাইলে আগে সেই প্রস্তাব মুখ্যসচিবের দফতরে পাঠাতে হবে বলে নির্দেশিকা উল্লেখ করা হয়েছে।

*************************

গঙ্গা পদ্মার ভাঙন সমস্যা নিয়ন্ত্রণে রাজ্য সরকার প্রতিবেশী বিহার ও ঝাড়খণ্ডকে নিয়ে একটি অন্তর্বর্তীকালীন ভাঙ্গন নিয়ন্ত্রণ প্রকল্প হাতে নেওয়ার পরিকল্পনা করেছে। রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ ইতমধ্যেই এবিষয়ে প্রতিবেশী দুই রাজ্যের মুখ্য সচিব এবং সেচ দপ্তরের কর্তাদের সঙ্গে বৈঠক করেছেন। রাজ্যের সেচ মন্ত্রী মানস ভুঁইঞ্া জানিয়েছেন, ভাগীরথী, পদ্মা, ফুলহার নদীর ভাঙ্গনে মালদা মুর্শিদাবাদ জেলার মানুষ বিপর্যয়ের শেষ সীমায় দাঁড়িয়ে আছেন। প্রতিবেশী বিহার ও ঝাড়খণ্ড রাজি হলে মুখ্যমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে এই অন্তর্বর্তী প্রকল্প গ্রহণ করা হবে। প্রকল্পটির অর্থমূল্য আনুমানিক ৬১০ কোটি টাকা।

*************************

এফ সি আই ও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের জন্যে ধান কিনলেও কেন্দ্রীয় সরকার তার টাকা মেটাচ্ছে না বলে রাজ্য সরকার অভিযোগ করেছে। এই খাতে এখনও পর্যন্ত প্রায় সাত হাজার ৭৪৫ কোটি টাকা বকেয়া রয়েছে বলে খাদ্যমন্ত্রী রথীন ঘোষ জানান। এদিকে খাদ্য দপ্তর আজ পর্যন্ত কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ৫৫ লক্ষ ৮৬ হাজার ২৮১ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে।

*************************

২১শে জুলাই দলের সমাবেশের দিনই লোকসভার অধিবেশন ডাকায় ক্ষোভ প্রকাশ করেছে তৃণমূল কংগ্রেস। আজ ওই বার্ষিক সমাবেশের প্রস্তুতি নিয়ে বৈঠকে বসে ক্ষমতাসীন দল। জেলা সভাপতি, জেলা চেয়ারম্যান এবং কোর কমিটির সদস্যরা ছাড়াও উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের একাধিক শীর্ষ নেতা। বৈঠকের পর দলের প্রবীণ নেতা সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন, সরকারের কাজে রাজ্যের মানুষ

রাজ্যের মানুষ সন্তুষ্ট। বিধানসভা নির্বাচনের আগে **২১**শে জুলাই-এর সমাবেশে অতীতের সব রেকর্ড ভেঙে যাবে বলেও দাবী করেন তিনি।

এদিকে, **বাদল অধিবেশনে**র প্রথম দিন সমাবেশের কারণে তৃণমূল সাংসদরা অধিবেশনে যোগ দেবেন না বলে সুদীপ বাবু জানান। তাঁর অভিযোগ, পহেলগাঁও-এর ঘটনায় সংসদে বিশেষ অধিবেশন চেয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রধানমন্ত্রীকে চিঠি পাঠালেও, তার কোনো জবাব না দিয়ে, সংসদের অধিবেশন এগিয়ে আনা হয়েছে।

মূল বৈঠক শুরুর আগে বীরভূমের তৃণমূল নেতা **অনুব্রত মন্ডল** এবং কোর কমিটির সদস্য **কাজল শেখ**-এর সঙ্গে আলাদাভাবে বৈঠক করেন, মন্ত্রী অরূপ বিশ্বাস, সুব্রত বক্সী, ফিরহাদ হাকিম প্রমুখ । বৈঠকে অনুব্রত মন্ডলকে দলের তরফে সতর্ক করে দেওয়া হয়েছে বলেও জানা গেছে।

**************************

বাঁকুড়ার খাতড়ায় রাজ্যের খাদ্য ও সরবরাহ দপ্তরের প্রতিমন্ত্রী জ্যোৎস্না মান্ডির স্বামী তুহিন মান্ডি-কে মারধোরের অভিযোগে ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ।
দাসের মোড় এলাকায় তুহিন মান্ডির উপর বেশ কয়েকজন চড়াও হয়ে মারধোর করে বলে অভিযোগ। ঘটনার পরেই স্থানীয় তৃণমূল কর্মীরা ও পুলিশ গিয়ে তুহিন মান্ডিকে উদ্ধার করেন। পরে খাতড়া মহকুমা হাসপাতালে তাকে নিয়ে গিয়ে চিকিৎসা করানো হয়। এই ঘটনায় স্থানীয় বিজেপি নেতা শান্তনু সিংহ-সহ কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। পরিকল্পিতভাবে এই হামলা বলে রাজ্যের মন্ত্রী জ্যোৎস্না মান্ডি জানিয়েছেন।

**************************

বাংলাদেশে রবীন্দ্রনাথ ঠাকুরের পৈত্রিক বাড়িতে ভাঙচুরের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ। এক প্রেস বিজ্ঞপ্তিতে ঘটনার উল্লেখ করে তারা জানিয়েছে, এই ঘটনা নোবেল জয়ী সাহিত্যিকের দর্শন, শিক্ষা ও বিশ্বাসের প্রতি অসম্মান। অবিলম্বে ভাংচুরের ঘটনায় জড়িতদের উপযুক্ত শাস্তির দাবি জানিয়ে সংস্কার

ভারতী পশ্চিমবঙ্গ, রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত কাছারি বাড়ি মেরামত করে সেখানে যথাযথ নিরাপত্তার বন্দোবস্ত করার আবেদন জানিয়েছে।

*************************

জলপাইগুড়ি রোড স্টেশন থেকে শিয়ালদহ পর্যন্ত যাতায়াতের সুবিধার জন্য আজ নতুন 'হামসফর এক্সপ্রেস'-এর যাত্রার সূচনা হয়েছে। এ.সি কোচের সুবিধাযুক্ত এই নতুন ট্রেনের যাত্রার শুভ সূচনা করেন জলপাইগুড়ির সাংসদ ডাঃ জয়ন্ত কুমার রায়। উপস্থিত ছিলেন রেলের উচ্চপদস্থ আধিকারিক সহ এলাকার মানুষ।

*************************

মাস দুয়েকের পর আজ মধ্যরাত থেকে সামুদ্রিক মাছ শিকারে নিষেধাজ্ঞা উঠে যাচ্ছে। সুন্দরবনের কাকদ্বীপ, নামখানা, ফ্রেজারগঞ্জ, সীতারামপুর, রায়দিঘি, সাগরের বন্দরে ও ঘাটে ঘাটে এখন মৎসজীবিদের ট্রলারগুলি ভিড় জমাচ্ছে। বরফ, জ্বালানি তেল, খাবার মজুত করে সমুদ্রে রওনা দেওয়ার অপেক্ষায় তাঁরা। এবার প্রায় ২ হাজার ট্রলার সমুদ্রে পাড়ি দেবে বলে মৎস্যজীবীদের ইউনিয়ান সূত্রে জানা গেছে।

( ভিসি- অভিজিৎ )

*************************

বিশ্ব রক্তদাতা দিবসে আজ বিভিন্ন স্বাস্থ্য সংগঠন, সংস্থা, সামাজিক সংগঠন রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে রক্তদান সম্পর্কে মানুষকে সচেতন করার জন্য নেওয়া হয়েছে নানা উদ্যোগ।

পুরুলিয়া জেলায় আজ সকালে ভলান্টারি ব্লাড ডোনার্স এসোসিয়েশন, NSS, NCC, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, পুরুলিয়া জার্নালিস্টস ক্লাব সহ বিভিন্ন সংস্থার পক্ষে পদযাত্রা করা হয়।

বাঁকুড়ায় ছাতনায় সুপার স্পেশালিস্ট হাসপাতালে আয়োজিত রক্তদান শিবিরে এ'পর্যন্ত ৪০ জন রক্ত দিয়েছেন।

*************************

মুর্শিদাবাদের বিভিন্ন যোগ প্রশিক্ষণ কেন্দ্রে ২১-শে জুন বিশ্ব যোগ দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠান আয়োজনের মহড়া চলছে। সুস্থ ভারত গড়ে তুলতে অগ্রণী ভূমিকা পালন করছে তরুণ ছাত্র যুবরা।

এদিকে, বর্ধমানে যোগ দিবসের দিন বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন যোগ প্রশিক্ষাণ কেন্দ্রে মহিলারা ওই দিনের জন্য বিশেষ অনুশীলন শুরু করেছে।

**************************

ডাক্তারিতে স্নাতক স্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা-নিট ইউজির ফলাফল ঘোষণা করা হয়েছে। এবছর ২২ লক্ষ ৯ হাজার ৩১৮ জন পরীক্ষা বসেছিলেন। neet.nta.nic.in এই ওয়েবসাইটে পরীক্ষার্থীরা তাদের ফলাফল দেখতে পাবেন।

রাজ্যের মধ্যে সম্ভাব্য প্রথম হয়েছেন বর্ধমান CMS স্কুলের ছাত্র রূপায়ণ পাল। দেশের মধ্যে ২০-তম স্থান অধিকার করেছে সে।

**************************

ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েক দিনে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, আজ কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে। উত্তরবঙ্গে আগামী দুদিন ভারী বৃষ্টির সম্ভাবনা। দার্জিলিং ও কালিম্পং এর জন্য জারি হয়েছে কমলা সতর্কতা।

**************************

সৃঞ্জয় বোস মোহনবাগান ক্লাবের নতুন সচিব হয়েছেন। আজ সন্ধ্যায় মোহনবাগান নির্বাচন বোর্ডের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায় সচিব হিসেবে সৃঞ্জয় বোসের নাম অনুষ্ঠানিকভাবে নাম ঘোষণা করেন। মোহনবাগানের ২১ সদস্য নতুন কমিটির নামও ঘোষণা করা হয়েছে।

*******************************************************************